# বার্ষিক প্রতিবেদন
# ২০২১-২০২২




**বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ**

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

www.bnswc.gov.bd

# বার্ষিক প্রতিবেদন

# ২০২১-২০২২





**বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ**

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

২২৪/১, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০

www.bnswc.gov.bd

# সূচিপত্র


| ক্র: নং বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচিতি | ১৫ |
| ১. পরিষদের মিশন ও ভিশন | ১৫ |
| ২. পরিষদের কার্যাবলি | ১৫ |
| ৩. পরিচালনা বোর্ড | ১৬ |
| (ক) অফিস বেয়ারার (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | ১৬ |
| (খ) মনোনীত সদস্য | ১৭ |
| (গ) সরকার কর্তৃক মনোনীত সদস্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | ১৯ |
| ৪. নির্বাহী কমিটি | ২০ |
| ৫. নির্বাহী কমিটির দায়িত্ব ও কার্যাবলি | ২০ |
| জেলা সমাজকল্যাণ কমিটি | ২০ |
| ১. জেলা সমাজকল্যাণ কমিটির গঠন | ২০ |
| ২. জেলা সমাজকল্যাণ কমিটির কার্যাবলি | ২২ |
| ৩. জেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে প্রদত্ত অনুদান কি কি কাজে ব্যয় করা হয় | ২২ |
| উপজেলা সমাজকল্যাণ কমিটি | ২২ |
| ১. উপজেলা সমাজকল্যাণ কমিটির গঠন | ২২ |
| ২. উপজেলা সমাজকল্যাণ কমিটির কার্যাবলি | ২৩ |
| ৩. উপজেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে প্রদত্ত অনুদান কি কি কাজে ব্যয় করা হয় | ২৩ |
| সমাজকল্যাণ ভবন নির্মাণ | ২৪ |
| ১. সমাজকল্যাণ ভবন নির্মাণ কাজের অগ্রগতি | ২৪ |
| বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ২০২১-২২ অর্থবছরের আর্থিক বিবরণী | ২৪ |
| পরিষদ পরিচালনা বোর্ড সভা অনুষ্ঠান | ২৬ |
| নির্বাহী কমিটির সভা অনুষ্ঠান | ২৬ |
| ২০২১-২২ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম | ২৬ |
| ১. এক নজরে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ২০২১-২২ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম | ২৬ |
| ২. জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানসমূহকে অনুদান | ২৭ |
| ৩. রোগীকল্যাণ সমিতিকে অনুদান | ২৮ |
| ৪. সমন্বয় পরিষদকে অনুদান | ২৯ |
| ৫. অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতিকে অনুদান | ২৯ |
| ৬. নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনকে অনুদান | ২৯ |
| ৭. ২০২১-২২ অর্থবছরে সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের বিভাগ ও জেলাওয়ারী অনুদানের পরিসংখ্যান | ২৯ |
| ৮. চা-বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে টেকসই আবাসন নির্মাণ | ৩১ |
| ৯. জেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে অনুদান | ৩২ |
| ১০. উপজেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে অনুদান | ৩৩ |
| ২০২১-২০২২ অর্থবছরে দেশের বিভিন্ন জেলায় অনুদান বিতরণের কিছু আলোকচিত্র | ৩৩ |
| মানব সম্পদ উন্নয়ন | ৩৪ |
| ১. গবেষণা, সেমিনার ও কর্মশালা আয়োজন | ৩৪ |
| ২. প্রশিক্ষণ কার্যক্রম | ৩৫ |
| ৩. ২০২১-২০২২ অর্থবছরের ২৫টি প্রশিক্ষণ কোর্সের বিবরণী | ৩৬ |
| ৪. পরিচালিত ২৩ বছরের প্রশিক্ষণ কোর্সের সংক্ষিপ্ত বিবরণী | ৩৭ |
| বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের বিগত ৫০ বছরের সাফল্য | ৩৮ |
| সামাজিক গবেষণা | ৪২ |
| ভবিষ্যত পরিকল্পনা | ৪২ |
| বিভিন্ন দিবস-২০২১ উদযাপন | ৪৩ |
| পরিদর্শন | ৪৪ |
| বিবিধ এলবাম | ৪৪ |
| জাতীয় সমাজকল্যাণ পরিষদের কর্মকর্তাগণের নাম, পদবি ও ফোন নম্বর | ৪৫ |



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



**মন্ত্রী**
**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# বাণী

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কার্যক্রমের বিবরণীসহ বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। বার্ষিক কার্যক্রম নিয়ে প্রতিষ্ঠানটি এ সময়ে বিস্তারিত প্রতিবেদন প্রকাশ করে থাকে। সরকারি কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতায় এ ধরনের প্রতিবেদন প্রকাশ গুরুত্বপূর্ণ।

১৯৫৬ সালে সরকারি প্রতিষ্ঠান হয়ে অদ্যাবধি আর্তমানবতার কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ১৯৭২ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নির্দেশনায় 'বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ' নামে প্রতিষ্ঠানটি পুনর্গঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার দীর্ঘ ৪৫ বছর পর 'বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯' প্রণয়নের মাধ্যমে প্রতিষ্ঠানটির জন্য নতুন ধারার সূচনা করেছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ কাজে বিভিন্ন প্রকল্পের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে।

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের আওতায় দেশের ৬৪টি জেলায় জেলা প্রশাসকের সভাপতিত্বে জেলা সমাজকল্যাণ কমিটি ও উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে উপজেলা সমাজকল্যাণ কমিটি রয়েছে। এ সকল কমিটির মাধ্যমে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আকস্মিক দৈব দুর্বিপাক, প্রাকৃতিক দুর্যোগ, দুর্ঘটনা ইত্যাদিতে ক্ষতিগ্রস্ত অসহায় ব্যক্তি/পরিবারকে তাৎক্ষণিকভাবে সহায়তা প্রদান করে। দেশের সকল উপজেলা, জেলার সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজ এবং বিশেষায়িত হাসপাতালসমূহে স্থাপিত ৫২৫ টি রোগীকল্যাণ সমিতির মাধ্যমে দুস্থ অসহায় রোগীদের চিকিৎসা সেবা ও উপকরণ সামগ্রী বিতরণের জন্য নিয়মিত অনুদান প্রদান করে।

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ক্ষুদ্র জাতিসত্তা ও নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের জীবনমান, হিজড়া, বেদে সম্প্রদায়ের শিক্ষার্থীদের, জেলখানায় অপরাধী সংশোধন কেন্দ্রসমূহে নিয়মিত অর্থ সহায়তা প্রদান, চা-বাগান শ্রমিকদের জন্য টেকসই আবাসন নির্মাণ, প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসনে দুঃস্থ নির্যাতিত মানবিক সামাজিক কার্যক্রম পরিচালনা করছে।

বেসরকারি স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর সমাজকল্যাণমূলক কার্যক্রমকে আরও গতিশীল ও উৎসাহ সৃষ্টির লক্ষ্যে প্রতিষ্ঠানটি বার্ষিক অনুদান প্রদান, নিবন্ধিত প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি এবং সকল হিজড়াদের পরিষদ নিয়মিত প্রশিক্ষণ কোর্স পরিচালনা করছে। এ সকল কার্যক্রমের পাশাপাশি সামাজিক সমস্যা চিহ্নিত করা এবং চিহ্নিত সমস্যাসমূহ নিরসনে গবেষণা করা এ প্রতিষ্ঠানের অন্যতম প্রশংসনীয় কাজ বলে আমি মনে করি।

সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতার স্বপ্ন দারিদ্র্য ও ক্ষুধামুক্ত সোনার বাংলা বিনির্মাণ এবং মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত রূপকল্প ২০৪১ সালের মধ্যে উন্নত, সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে জাতীয় সমাজকল্যাণ পরিষদের কার্যক্রমগুলো উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে বলে আমি মনে করি।

আমি এ প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ চিরজীবী হোক

**নুরুজ্জামান আহমেদ এমপি**



**প্রতিমন্ত্রী**
**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# বাণী

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বিভিন্ন কর্মকাণ্ড নিয়ে প্রতিবছরই বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে থাকে। মুজিববর্ষ উদযাপন ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনের প্রাক্কালে ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। সমাজকল্যাণ পরিষদ দেশের অসহায়, দরিদ্র ও দুস্থ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে নিয়মিত আর্থিক সহায়তা প্রদান করে আসছে। সামাজিক সেবামূলক কার্যক্রমকে সুষ্ঠুভাবে পরিচালনার সম্প্রসারণ, সহযোগিতা ও সুসমন্বয় সাধনের লক্ষ্যে দেশের অসহায়, দরিদ্র ও দুস্থ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে সরকারের পাশাপাশি সকল জেলা ও উপজেলা সমাজকল্যাণ পরিষদের অনুকূলে বার্ষিক বরাদ্দ অনুযায়ী অনুদান প্রদান করে থাকে। জেলা ও উপজেলা সমাজকল্যাণ কমিটি আকস্মিক দৈব দুর্বিপাক, প্রাকৃতিক দুর্যোগ, দুর্ঘটনা ইত্যাদিতে ক্ষতিগ্রস্ত অসহায় ব্যক্তি/ পরিবারকে তাৎক্ষণিকভাবে সহায়তা প্রদান করে। এছাড়াও দেশের সকল জেলা ও উপজেলা হাসপাতালসমূহের সমাজকল্যাণ রোগীকল্যাণ সমিতিকে দুস্থ অসহায় রোগীদের চিকিৎসা সেবা ও উপকরণ প্রদানের জন্য অনুদান প্রদান করা হয়। প্রতিবছর ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায় এবং চা-বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে টেকসই আবাসন নির্মাণে আর্থিক সহায়তা প্রদান করে যাচ্ছে। ২০২০-২০২১ অর্থবছর হতে নদীভাঙনে ভিটেমাটিহীন ক্ষতিগ্রস্ত ও নদীতীরবাসীদের পুনর্বাসনে আবাসন নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে। এ পরিষদের সকল কার্যক্রমই মানবিক ও জনকল্যাণমুখী।

দেশের অসহায়, দরিদ্র ও দুস্থ মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে সরকারের পাশাপাশি বেসরকারি স্বেচ্ছাসেবী সংগঠনগুলো অতীব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এসব স্বেচ্ছাসেবী সংগঠনের সমাজকল্যাণমূলক কার্যক্রমকে আরও গতিশীল ও উৎসাহ-উদ্দীপনা সৃষ্টির লক্ষ্যে সমাজকল্যাণ পরিষদ হতে প্রতিবছর কিছু আর্থিক অনুদান প্রদান করা হচ্ছে। স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের কার্যক্রমের ব্যাপকতা বিবেচনায় কিছু প্রতিষ্ঠানকে জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান করেছে। অধিকন্তু স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের কর্মীদের গুণগতমান জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য পরিষদ নিয়মিত প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে থাকে।

জাতির পিতার সোনার বাংলা বিনির্মাণে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ ক্ষেত্রে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের উদ্যোগগুলো খুবই সহায়ক ভূমিকা পালন করবে বলে আমার বিশ্বাস।

এ বার্ষিক প্রতিবেদন প্রকাশনার সাথে জড়িত সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি



**সভাপতি**
সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি
**বাংলাদেশ জাতীয় সংসদ**

# বাণী

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ২০২১-২০২২ অর্থবছরে পূর্বের ধারাবাহিকতায় বার্ষিক প্রতিবেদন প্রকাশ করছে জেনে আমি আনন্দিত। প্রতিবেদন প্রকাশের এ ধারাবাহিকতা রক্ষার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় ১৯৭২ সালে প্রতিষ্ঠানটি বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ নামে পুনর্গঠিত হয়। ২০১৯ সনে সুদীর্ঘ ৪৩ বছর পর বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯ প্রণয়নের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিষ্ঠানটিকে একটি সংবিধিবদ্ধ সংস্থায় রূপান্তরিত করেন। এ আইনটি প্রণয়নে অন্যান্যদের সাথে আমিও জড়িত ছিলাম, এজন্য নিজেকে ধন্য মনে করছি।

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ মানবিক সেবাদান, সামাজিক নিরাপত্তা কর্মসূচিসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করে আসছে। সকল কর্মসূচি সহজ ও সুসংহত করার লক্ষ্যে কাজ করছে। ২০১১ সালে প্রণীত অনুদান বণ্টন নীতিমালার আলোকে পরিষদ হতে দেশের সকল জেলায় জেলা সমাজকল্যাণ কমিটি ও উপজেলায় উপজেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে বিভিন্ন শ্রেণির পেশার মানুষদের আর্থিক অনুদান প্রদান করে থাকে। দেশের সকল জেলা ও উপজেলার সরকারি হাসপাতাল এবং প্রায় সকল বিশেষায়িত হাসপাতালগুলোতে অবস্থিত রোগীকল্যাণ সমিতির অনুকূলে অনুদান বরাদ্দ করে থাকে। যার মাধ্যমে প্রান্তিক দুঃস্থ ও অসহায় গরিব রোগীরা ঔষধসহ চিকিৎসা সামগ্রী ক্রয়ে সহায়তা পাচ্ছে। সমাজকল্যাণ পরিষদের উদ্যোগে ২০১২-২০১৩ অর্থবছর হতে ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের জীবনমান উন্নয়নে তাদের সন্তানদের শিক্ষা সহায়তা অনুদান প্রদান করছে। ২০১৮-১৯ সাল হতে চা-বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে টেকসই আবাসন নির্মাণ করছে। এতে পরিষদের কার্যক্রমে আরও গতি সঞ্চারিত হয়েছে এবং দেশের সামগ্রিক আর্থ-সামাজিক উন্নয়নে পরিষদ অবদান রাখতে সক্ষম হচ্ছে।

বাংলাদেশ জাতীয় স্বেচ্ছাসেবী সংগঠনকে সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে আরও গতিশীল ও উৎসাহ-উদ্দীপনা সৃষ্টির লক্ষ্যে সমাজকল্যাণ পরিষদ প্রতিবছর আর্থিক অনুদান প্রদান করছে। স্বেচ্ছাসেবী সংগঠনের কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। একইসাথে স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর কর্মীদের যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধিতে কার্যক্রম বাস্তবায়ন ও সম্প্রসারণে বিভিন্ন প্রতিষ্ঠানকে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান করছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় পরিষদের জন্য প্রদানকৃত নিজস্ব ১১৭৪ কাঠা জমিতে সমাজকল্যাণ ভবন নির্মাণের কাজ চলছে। সরকারের এ সকল পদক্ষেপ বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কার্যক্রম আরও গতিশীল হবে বলে আমি মনে করি।

বার্ষিক প্রতিবেদন প্রকাশনার সাথে সম্পৃক্ত সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

রাশেদ খান মেনন, এমপি



সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন, 'আমার জীবনের একমাত্র কামনা, বাংলাদেশের মানুষ যেন তাদের খাদ্য পায়, আশ্রয় পায় এবং উন্নত জীবনের অধিকারী হয়'। তিনি ১৯৭২ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫ (ঘ) এ "সামাজিক নিরাপত্তার অধিকার, অর্থাৎ, বেকারত্ব, ব্যাধি বা পঙ্গুত্বজনিত কিংবা বৈধব্য, মাতাপিতৃহীনতা বা বার্ধক্যজনিত কিংবা অনুরূপ অন্যান্য পরিস্থিতিজনিত আয়ত্তাতীত কারণে অভাবগ্রস্থতার ক্ষেত্রে সরকারি সাহায্য লাভের অধিকার" সংযুক্ত করে সামাজিক নিরাপত্তাকে রাষ্ট্রীয় কাঠামোর অন্তর্ভুক্ত করেন। সমাজকল্যাণ মন্ত্রণালয় সমাজের ঝুঁকিতে থাকা বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা, প্রতিবন্ধী, প্রান্তিক ও অনগ্রসর জনগোষ্ঠীর সামাজিক সুরক্ষা ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে মানব বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠা, মানবাধিকার সুরক্ষা ও সামাজিক কল্যাণে ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে বাংলাদেশে সমাজসেবামূলক কার্যক্রম বাস্তবায়ন করছে।

রূপকল্প-২০৪১ পূরণের উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, দেশের প্রচলিত আইন, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসহ বিভিন্ন জাতীয় এবং আন্তর্জাতিক ফোরামে প্রদত্ত প্রতিশ্রুতি অনুযায়ী সমাজকল্যাণ মন্ত্রণালয় জনগণকে সেবা প্রদান করে যাচ্ছে।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে একটি অধিদপ্তর এবং ছয়টি দপ্তর/সংস্থা রয়েছে। দপ্তর ও সংস্থাসমূহ মানবসম্পদ উন্নয়ন, দারিদ্র্য হ্রাসকরণ, সমাজের অনগ্রসর ও দুর্বল অংশের কল্যাণ, উন্নয়ন ও ক্ষমতায়ন, সামাজিক সমস্যা মোকাবেলা এবং মানুষের আর্থ-সামাজিক ও মানবীয় বিকাশে সহায়তা প্রদানের লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল ও দূরদর্শী নেতৃত্বে তাঁর আন্তরিক ও বিচক্ষণ দিকনির্দেশনায় দেশের সকল সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী ও প্রতিবন্ধী ব্যক্তিদেরকে উন্নয়নের মূলস্রোতে আনয়নে সমাজকল্যাণ মন্ত্রণালয় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে একটি বৈষম্যহীন সমাজ গঠনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

২০২১-২২ অর্থবছরের সার্বিক কর্মকাণ্ডের বিস্তারিত বিবরণ এই প্রতিবেদনে রয়েছে। এ প্রতিবেদন সামাজিক সুরক্ষা, ক্ষমতায়ন ও উন্নয়নের মাধ্যমে দরিদ্র, অনগ্রসর জনগোষ্ঠী এবং প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নত জীবন গঠনের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগ সম্পর্কে একটি ধারণা পাওয়া যাবে এবং ভবিষ্যতে সেবা দাতা ও সেবা গ্রহীতার মধ্যে সমন্বয় ও গতিশীলতা বজায় রাখতে সহায়ক ভূমিকা পালন করবে মর্মে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

প্রতিবেদন প্রকাশে সংশ্লিষ্ট সকল সহকর্মীদের জন্য রইল শুভকামনা।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ চিরজীবি হোক।

মোঃ জাহাঙ্গীর আলম



নির্বাহী সচিব
(যুগ্মসচিব)
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

# মুখবন্ধ

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। উন্নত, বহুমুখী ও নিরাপদ সমাজ গঠনের লক্ষ্য নিয়ে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ সমাজকল্যাণমূলক কর্মসূচি বাস্তবায়নসহ সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে নিয়োজিত ব্যক্তি, সংস্থা, প্রাতিষ্ঠানিক উদ্যোগ এবং গবেষণার মাধ্যমে সমাজের অনগ্রসর, সুবিধাবঞ্চিত এবং পিছিয়ে পড়া ব্যক্তি ও সম্প্রদায়ের জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে।

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় পর্যায়ের স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ১৫টি, শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদ ৮০টি, রোগীকল্যাণ সমিতি ৫২৫টি, অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি ৬৪টি, সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ৪৫০২টি, ৬৪টি জেলা সমাজকল্যাণ কমিটি এবং উপজেলা সমাজকল্যাণ কমিটি সহ মোট ৫৭৪৫টি প্রতিষ্ঠানের অনুকূলে ৩৯.৪৬ কোটি টাকা অনুদান বিতরণ করেছে। এছাড়াও ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়, নদী ভাঙনে ভিটেমাটিহীন ক্ষতিগ্রস্ত, বস্তিবাসী, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন, ভিক্ষাবৃত্তি নিরসন কার্যক্রমসহ ২৮.৩৮ কোটি টাকা অনুদান বিতরণ করা হয়েছে। জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক পরিচালিত কার্যক্রমসমূহ সহজীকরণের লক্ষ্যে অনুদান প্রদান ও প্রশিক্ষণ কর্মসূচিসহ অন্যান্য কার্যক্রম ডিজিটালাইজড করার জন্য সফটওয়্যার নির্মাণের কর্মপরিকল্পনা (রোডম্যাপ) প্রস্তুত করে কাজ শুরু করা হয়েছে। অনুদানের অর্থ জিটুপি এবং ইএফটি-এর মাধ্যমে বিতরণ করা হচ্ছে।

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কাজ করছে। পরিষদের নিজস্ব তহবিল থেকে চা বাগান শ্রমিকদের টেকসই আবাসন নির্মাণের উদ্যোগের অংশ হিসেবে সিলেট বিভাগের ৩টি এবং চট্টগ্রাম বিভাগের ১টি জেলার চা বাগান শ্রমিকদের জন্য আরো ১০০টি টেকসই আবাসন নির্মাণের জন্য ২০২১-২২ অর্থবছরে ৪ কোটি বরাদ্দ করা হয়। এ উদ্যোগটি মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'সবার জন্য আবাসন' বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখবে।

মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে ১৩২ নিউ ইস্কাটনস্থ বিকল ভবন বিশিষ্ট ১১.৯৪ কাঠা জমি বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অনুকূলে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বরাদ্দ দেয়া হয়। পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জমিতে বহুতল বিশিষ্ট 'সমাজকল্যাণ ভবন' নির্মাণের কাজ চলমান আছে।

সমাজের অনগ্রসর, সুবিধাবঞ্চিত ও অসহায় ব্যক্তি/সম্প্রদায়ের জীবনমান উন্নয়নে যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠান নিরলসভাবে কাজ করছে তাদেরসহ এ প্রতিবেদন প্রণয়নে জাতীয় সমাজকল্যাণ পরিষদের যে সকল কর্মকর্তা ও কর্মচারী শ্রম দিয়েছেন তাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং পরিষদের ভবিষ্যত কর্মকাণ্ড পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করছি।

মোহাম্মদ জসিম উদ্দিন

# সূচিপত্র


| ক্র: নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচিতি | ১৭ |
| ১.১ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের লক্ষ্য ও উদ্দেশ্য | ১৭ |
| ১.২ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কার্যাবলি | ১৮ |
| ১.৩ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচালনা বোর্ড | ১৮ |
| ১.৪ | পরিষদের নির্বাহী কমিটি | ২২ |
| ১.৫ | নির্বাহী কমিটির দায়িত্ব ও কার্যাবলি | ২২ |
| ২. | জেলা সমাজকল্যাণ কমিটি | ২২ |
| ২.১ | জেলা সমাজকল্যাণ কমিটির গঠন | ২২ |
| ২.২ | জেলা সমাজকল্যাণ কমিটির কার্যাবলি | ২৪ |
| ২.৩ | জেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে প্রদত্ত অনুদান কি কি কাজে ব্যয় করা হয় | ২৪ |
| ৩. | উপজেলা সমাজকল্যাণ কমিটি | ২৪ |
| ৩.১ | উপজেলা সমাজকল্যাণ কমিটির গঠন | ২৪ |
| ৩.২ | উপজেলা সমাজকল্যাণ কমিটির কার্যাবলি | ২৫ |
| ৩.৩ | উপজেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে প্রদত্ত অনুদান কি কি কাজে ব্যয় করা হয় | ২৫ |
| ৪. | সমাজকল্যাণ ভবন নির্মাণ | ২৬ |
| ৫. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ২০২১-২২ অর্থবছরের আয় ও ব্যয় বিবরণী | ২৬ |
| ৬. | পরিষদ পরিচালনা বোর্ড সভা অনুষ্ঠান | ৩২ |
| ৭. | নির্বাহী কমিটির সভা অনুষ্ঠান | ৩২ |
| ৮. | ২০২১-২২ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম | ৩৩ |
| ৮.১ | এক নজরে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ২০২১-২২ অর্থবছরের কার্যক্রম | ৩৩ |
| ৮.২ | জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানসমূহকে অনুদান | ৩৩ |
| ৮.৩ | রোগীকল্যাণ সমিতিসমূহকে অনুদান | ৩৬ |
| ৮.৪ | শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদকে অনুদান | ৩৭ |
| ৮.৫ | অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতিকে অনুদান | ৩৭ |
| ৮.৬ | নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে অনুদান | ৩৮ |
| ৮.৭ | ২০২১-২২ অর্থবছরে সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের বিভাগ ও জেলাওয়ারী অনুদানের পরিসংখ্যান | ৩৮ |
| ৮.৮ | চা-বাগান শ্রমিকদের জন্য টেকসই আবাসন নির্মাণ | ৪০ |
| ৮.৯ | জেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে অনুদান | ৪১ |
| ৮.১০ | উপজেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে অনুদান | ৪২ |
| ৯. | ২০২১-২০২২ অর্থবছরে দেশের বিভিন্ন জেলায় অনুদান বিতরণের কিছু আলোকচিত্র | ৪৩ |
| ১০. | মানব সম্পদ উন্নয়ন | ৪৭ |
| ১০.১ | গবেষণা, সেমিনার ও কর্মশালা আয়োজন | ৪৭ |
| ১০.২ | প্রশিক্ষণ কার্যক্রম | ৫০ |
| ১০.৩ | প্রশিক্ষণ কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ | |
| ১১. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের বিগত ৫০ বছরের সাফল্য | ৫২ |
| ১২. | ভবিষ্যৎ পরিকল্পনা | ৫৬ |
| ১৩. | বিভিন্ন দিবস-২০২১ উদযাপন | ৫৮ |
| ১৪. | পরিদর্শন | ৫৯ |
| ১৫. | বিবিধ | ৬২ |
| ১৬. | জাতীয় সমাজকল্যাণ পরিষদের কর্মকর্তাগণের নাম, পদবি ও ফোন নম্বর | ৬৩ |
| ১৭. | পরিশিষ্ট | |

# বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচিতি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন প্রাচীনতম প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানটি ১৯৫৬ সালের ২ জানুয়ারি প্রতিষ্ঠিত হয়ে ২০২২ সালে প্রতিষ্ঠানটি আর্তমানবতার কল্যাণে ৬৬ বছর অতিক্রম করেছে। স্বাধীনতা পূর্ববর্তী সময়ে গঠিত প্রাচীন এই প্রতিষ্ঠানের রয়েছে সুদীর্ঘ ইতিহাস। সমাজকল্যাণমূলক কার্যক্রমে জাতীয় চাহিদা পূরণের লক্ষ্যে ১৯৫৬ সালে তৎকালীন কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকার কর্তৃক একটি রেজ্যুলিউশনের মাধ্যমে গঠিত হয়েছিল। বিভিন্ন সামাজিক সমস্যা নিরসনে সমাজকল্যাণমূলক কার্যক্রম, অনুদান কর্মসূচি, স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানকে সহায়তা, জরিপ, গবেষণা ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করে থাকে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে ১৯৭২ সালে রেজ্যুলিউশন পরিবর্তনের মাধ্যমে এ প্রতিষ্ঠানের নামকরণ করা হয় "বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ"। যুদ্ধোত্তর দেশে উদ্ভূত বিভিন্ন সামাজিক সমস্যা নিরসনের লক্ষ্যে এ প্রতিষ্ঠান নতুন উদ্যোগে কাজ করে যাচ্ছে। দেশে সমাজকল্যাণমূলক কার্যক্রমের পরিধি বৃদ্ধির সাথে সাথে পরবর্তীতে বিভিন্ন সময়ে এ রেজ্যুলিউশন সংশোধন করা হয়েছে। ২৯ এপ্রিল, ২০১৯ খ্রি. মহান জাতীয় সংসদে "বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯" প্রণয়নের মাধ্যমে সংবিধিবদ্ধ সংস্থায় পরিনত হয়েছে। এ আইন অনুযায়ী বিধিমালা তৈরি করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। খুব শীঘ্রই বিধিমালা, চাকুরি বিধিমালা ও সাংগঠনিক কাঠামো অনুমোদন ও প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯ পুরোপুরি কার্যকর হবে। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচালনা বোর্ডের বর্তমান সদস্য সংখ্যা ৮৪ জন। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী পরিচালনা বোর্ডের সভাপতি, মাননীয় প্রতিমন্ত্রী পরিচালনা বোর্ডের সহসভাপতি। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নেতৃত্বে পরিষদের সিদ্ধান্ত ও কার্যক্রম বাস্তবায়নের জন্য ১৯ সদস্য বিশিষ্ট একটি নির্বাহী কমিটি রয়েছে। পরিষদ পরিচালনা বোর্ড ও নির্বাহী কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করেন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্বাহী সচিব। পরিষদের লক্ষ্য ও কর্মসূচি বাস্তবায়নের জন্য দেশের সকল জেলায় 'জেলা সমাজকল্যাণ কমিটি' এবং উপজেলায় 'উপজেলা সমাজকল্যাণ কমিটি' রয়েছে। তিনটি পার্বত্য জেলা ব্যতীত জেলা সমাজকল্যাণ কমিটির সভাপতি সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও সদস্য সচিব জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক। রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলাসমূহে সমাজকল্যাণ পরিষদের সভাপতি সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান। পার্বত্য জেলাসমূহে জেলা সমাজকল্যাণ কমিটির সদস্য সচিব অন্যান্য জেলার ন্যায় উপপরিচালক, সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়। উপজেলা সমাজকল্যাণ কমিটির সভাপতি সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব সংশ্লিষ্ট উপজেলার উপজেলা সমাজসেবা কর্মকর্তা। মাঠ পর্যায়ে পরিষদের নিজস্ব কোন কার্যালয় ও জনবল না থাকায় সমাজসেবা অধিদফতরের অধীন জেলা ও উপজেলা সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করে থাকে।

## ১. পরিষদের মিশন ও ভিশন

(১) মিশন : যত্নশীল, নিরাপদ ও উন্নত সমাজ বিনির্মাণ।

(২) ভিশন : সমাজের পশ্চাৎপদতার ক্ষেত্র চিহ্নিতকরণের মাধ্যমে পিছিয়েপড়া জনগোষ্ঠির সামাজিক জীবনমান উন্নয়ন ও সমাজের সার্বিক কল্যাণ সাধন ।

## ২. পরিষদের কার্যাবলি

(ক) সমাজের সকলের বিশেষত নারী, শিশু, অনগ্রসর, সুবিধাবঞ্চিত বা কম সুবিধাপ্রাপ্ত, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী, অসহায়, দুর্বল, অক্ষম, শারীরিক, মানসিক, বুদ্ধিপ্রতিবন্ধী বা অন্যবিধ কারণে পূর্ণাঙ্গ বা আংশিক অক্ষম, দুর্যোগে বিপদাপন্ন বা ক্ষতিগ্রস্ত, নদীভাঙনে ভিটামাটিহীন ক্ষতিগ্রস্ত বস্তিবাসী, চা-বাগান শ্রমিকসহ দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠী, নিম্ন আয়ের ব্যক্তি, গোষ্ঠী, শ্রেণি বা সম্প্রদায়ের সার্বিক জীবনমান বা আর্থ-সামাজিক উন্নয়নে আর্থিক অনুদান প্রদান করা;

(খ) সমাজকল্যাণমূলক কার্যে নিয়োজিত বা আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ, অনুদান ও স্বীকৃতি প্রদান করা;

(গ) সমাজকল্যাণমূলক কর্মকান্ডের সহিত জড়িত প্রতিষ্ঠানের কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা;

(ঘ) সামাজিক সমস্যা চিহ্নিতকরণ, সমস্যার কারণ এবং প্রতিকারের উপায় নিরূপণে গবেষণা পরিচালনা করা;

(ঙ) সামাজিক গবেষণার জন্য দেশি-বিদেশি স্বীকৃত ও মানসম্পন্ন গবেষণা প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয়ের সহিত চুক্তি সম্পাদন ও গবেষণা পরিচালনার ব্যবস্থা গ্রহণ করা;

(চ) সমাজকল্যাণমূলক বিদেশি, আন্তর্জাতিক, বহুজাতিক, বৈশ্বিক সংস্থা বা প্রতিষ্ঠান বা গোষ্ঠীর সহিত যোগাযোগ স্থাপন এবং হালনাগাদ ধারণা, তত্ত্ব, তথ্য, কৌশল, কর্মপন্থা ও উপায় সম্পর্কে জ্ঞান ও তথ্য সংগ্রহ এবং অভ্যন্তরীণ প্রেক্ষাপটে উক্ত কার্যাবলির প্রয়োগযোগ্যতা বিশ্লেষণ এবং ফলাফল নিয়মিতভাবে সরকারকে অবহিত করা;

(ছ) জাতীয় পর্যায়ে সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত সকল ব্যক্তি, গোষ্ঠী বা সংস্থার মধ্যে সমন্বয় সাধন করা;

(জ) দারিদ্র্য বিমোচন ও সামাজিক নিরাপত্তা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন সমাজকল্যাণমূলক কর্মসূচি বা প্রকল্প গ্রহণ ও অনুমোদন করা;

(ঝ) সমাজের অসচ্ছল রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান, এতদুদ্দেশ্যে রোগীকল্যাণ সমিতি গঠন এবং ইহার কার্যক্রম তদারকি করা;

(ঞ) সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা তৈরির লক্ষ্যে প্রচার, প্রচারণা, সভা, সমিতি, সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালার আয়োজন করা;

(ট) পরিষদের কার্যক্রমের বার্ষিক, পঞ্চবার্ষিক ও বিশেষ প্রতিবেদন প্রকাশ করা;

(ঠ) অর্থনৈতিক ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় সহায়ক যে কোনো উন্নয়নমূলক কর্মকাণ্ড গ্রহণ করা; এবং

(ড) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৯-এর উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনীয় অন্যান্য কার্যাবলি সম্পাদন করা।

## ৩. পরিচালনা বোর্ড

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচালনা বোর্ড বর্তমানে ৮৪ সদস্য বিশিষ্ট। ৮৪ জনের মধ্যে ১৬ জন অফিস বেয়ারার (সদস্য-পদাধিকার বলে), ৫ জন সরকার মনোনীত বিশিষ্ট নাগরিক এবং ৬৪ জেলা থেকে মনোনীত ৬৪ জন বিশিষ্ট সমাজসেবী। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী পরিষদের সভাপতি, মাননীয় প্রতিমন্ত্রী সিনিয়র সহসভাপতি এবং পরিষদের নির্বাহী সচিব সদস্য সচিবের দায়িত্ব পালন করেন। পরিচালনা বোর্ড সভা বছরে কমপক্ষে একবার অনুষ্ঠিত হয়। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কোন পরিচালনা বোর্ড সদস্য ক্রমান্বয়ে ৩টি সভায় অনুপস্থিত থাকলে তার সদস্যপদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যায় এবং তার স্থলে সরকার অন্য সদস্য অন্তর্ভুক্ত করে। পরিষদ পরিচালনা বোর্ডের মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছর। নতুন পরিচালনা বোর্ড গঠিত না হওয়া পর্যন্ত পূর্বতন সদস্যবৃন্দ চলমান পরিচালনা বোর্ডসমূহে কার্যক্রম অব্যাহত থাকবে মর্মে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। প্রকাশিত গেজেট অনুযায়ী বর্তমান পরিচালনা বোর্ডের কার্যক্রম অব্যাহত আছে।

### (ক) অফিস বেয়ারার (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সভাপতি |
| ২. | মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সহসভাপতি |
| ৩. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৪. | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৫. | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৬. | বিভাগীয় প্রধান, আর্থ-সামাজিক ও অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, আগারগাঁও, ঢাকা। | সদস্য |
| ৭. | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৮. | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা। | সদস্য |
| ৯. | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদফতর, মহাখালী, ঢাকা। | সদস্য |
| ১০. | মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা। | সদস্য |
| ১১. | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর -১৪, ঢাকা। | সদস্য |
| ১২. | নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট, ঢাকা। | সদস্য |
| ১৩. | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা। | সদস্য |
| ১৪. | চেয়ারম্যান, সমাজকর্ম বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী। | সদস্য |
| ১৫. | পরিচালক, ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার এন্ড রিসার্চ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | সদস্য |
| ১৬. | নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা। | সদস্য সচিব |

## (খ) মনোনীত সদস্য

পরিষদ পরিচালনা বোর্ডে দেশের সকল জেলা হতে একজন করে প্রথ্যাত সমাজকর্মী আছেন যার মধ্যে ন্যূনতম ২০ (বিশ) জন মহিলা সদস্য। বর্তমান পরিচালনা বোর্ড সদস্য হিসেবে নিয়মিত জেলাভিত্তিক প্রখ্যাত সমাজকর্মীবৃন্দের নাম ও ঠিকানা নিম্নরূপ।

| ক্র.নং | জেলার নাম | প্রখ্যাত পুরুষ ও মহিলা সমাজকর্মীর নাম |
|---|---|---|
| | | ঢাকা বিভাগ |
| ১. | ঢাকা | ড. মোঃ আব্দুল কাইয়ুম লস্কর, ১৯৬/১, শান্তিবাগ, ঢাকা-১২১৭। ফোন নং ০১৭১১৬৭৬৭৩৫ |
| ২. | গাজীপুর | জনাব দিলরুবা কামরুন্নিসা, বাড়ি নং-এফ ২২৬, সড়ক নং-জোড়পুকুর পাড় রোড, গ্রাম/মহল্লা-জোড়পুকুর পাড়, জয়দেবপুর, উপজেলা ও জেলা-গাজীপুর। |
| ৩. | মানিকগঞ্জ | জনাব আফসার উদ্দিন সরকার, গ্রাম-বড় বাইটিয়া, পোঃ গড়পাড়া, উপজেলা ও জেলা-মানিকগঞ্জ। ফোন নং ০১৭১২৭৬৩০৭০ |
| ৪. | মুন্সীগঞ্জ | জনাব শাহানা বেগম, মধ্য কোর্টগাঁও, মুন্সীগঞ্জ পৌরসভা, মুন্সীগঞ্জ। |
| ৫. | নরসিংদী | জনাব মোঃ নুরুল আমিন, সড়ক নং ১১/এ, ফ্ল্যাট নং-২০, বাড়ি নং-৪৮, ধানমন্ডি, ঢাকা। |
| ৬. | নারায়ণগঞ্জ | জনাব খালেদ হায়দার খান কাজল, ফ্ল্যাট-সি-২, টাওয়ার সাইড প্লাজা, হাউজ-২৮, রোড-১৩/এ, ধানমন্ডি, ঢাকা। |
| ৭. | ফরিদপুর | জনাব এ.কে.এম শাহির উদ্দিন চৌধুরী, এ. আর. সিটি সেন্টার, গোয়ালচামট (হাজরাতলা), পোঃ ও জেলাঃ ফরিদপুর। ফোন নং ০১৬৮৪৮১৩৩১১, ০১৯১৮২৪২২৭০ |
| ৮. | রাজবাড়ী | জনাব শামসুন্নাহার চৌধুরী, রোড নং-০২, বাড়ি নং-১৭/এ, ওয়ার্ড নং-০৪, শাহেদ মঞ্জিল, বেড়াডাঙ্গা, রাজবাড়ী-৭৭০০। |
| ৯. | গোপালগঞ্জ | জনাব মাহমুদা বেগম, ২২৫, মডেল স্কুল রোড, পোঃ, উপজেলা ও জেলাঃ গোপালগঞ্জ। |
| ১০. | মাদারীপুর | সৈয়দা রোকেয়া বেগম, ৭ মিন্টু রোড, রমনা, ঢাকা। ফোন নং ০১৬১১৬৩৮১৯৮ |
| ১১. | শরীয়তপুর | জনাব আঃ রাজ্জাক সরদার বীর মুক্তিযোদ্ধা, গ্রাম-স্বর্ণঘোষ, পোঃ, উপজেলা ও জেলাঃ শরীয়তপুর। |
| ১২. | কিশোরগঞ্জ | জনাব শাহলা আহমেদ খান, পূর্ণি ভিলা, খরমপট্টি, কিশোরগঞ্জ। |
| ১৩. | টাংগাইল | বীর মুক্তিযোদ্ধা মোঃ আনিসুর রহমান, আকুর টাকুর পাড়া (বটতলা), টাঙ্গাইল। |
| | | চট্টগ্রাম বিভাগ |
| ১৪ | চট্টগ্রাম | সৈয়দ মোহাম্মদ মোরশেদ, ৩৩৮/এ, মোমিন রোড, চেরাগী পাহাড়, চট্টগ্রাম। |
| ১৫ | কক্সবাজার | জনাব কানিজ ফাতেমা আহমেদ, জেলা পরিষদ বাংলো, কক্সবাজার। |
| ১৬ | খাগড়াছড়ি | জনাব বিজেতা রাণী ত্রিপুরা, মহাজনপাড়া, লেখ্যারপাড়া, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি। |
| ১৭ | রাঙ্গামাটি | জনাব চিংকিউ রোয়াজা, দক্ষিণ কালিন্দীপুর, রাঙ্গামাটি পার্বত্য জেলা। |
| ১৮ | বান্দরবান | জনাব এমিচিং, উজানীপাড়া, ৫নং ওয়ার্ড, বান্দরবান পৌরসভা, জেলা-বান্দরবান। |
| ১৯ | কুমিল্লা | শাপলা বসু, ৬১৫, ঝাউতলা, কুমিল্লা। ফোন নং ০৮১৬৪৯৪৯ |
| ২০ | ব্রাহ্মণবাড়ীয়া | আলহাজ্ব আল-মামুন সরকার, সর্দারপাড়া, প্রকল্প সমন্বয় পরিষদ, শহর সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়ীয়া। |
| ২১ | চাঁদপুর | ডা. সৈয়দা বদরুন্নাহার চৌধুরী, পদ্ম সেন্ট্রিয়াল রোড, চাঁদপুর। |
| ২২ | নোয়াখালী | জনাব মনজুরুল হক, গ্রাম-মাইজদী, নোয়াখালী পৌরসভা, ১নং ওয়ার্ড, মাইজদীকোর্ট ৩৮০০, উপজেলা- সদর, জেলা- নোয়াখালী। |
| ২৩ | ফেনী | এডভোকেট জাহাঙ্গীর আলম শান্টু, জয়েন্টারি ভবন (২য় তলা), পৌর প্রাঙ্গণ, ফেনী পৌরসভা, ৬৩ কলেজ রোড, ফেনী-৩৯০০। |
| ২৪ | লক্ষীপুর | জনাব মোঃ নুর উদ্দিন চৌধুরী নয়ন, বাঞ্চানগর (৫ নং ওয়ার্ড), পৌরসভা, থানা ও জেলা-লক্ষীপুর। |

| ক্র.নং | জেলার নাম | প্রত্যাক পুরুষ ও মহিলা সমাজকর্মীর নাম |
|---|---|---|
| | | **রাজশাহী বিভাগ** |
| ২৫ | রাজশাহী | জনাব মোঃ মোজাম্মেল হক, বাড়ি নং ২০৭, কাদিরগঞ্জ দরিখরবোনা, ডাকঘর: রাজশাহী সেনানিবাস, থানা: বোয়ালিয়া, জেলা-রাজশাহী। |
| ২৬ | নওগাঁ | জনাব শাহনাজ বেগম, ৩৪ নং ব্যারাক, উকিলপাড়া, নওগাঁ। |
| ২৭ | চাঁপাইনবাবগঞ্জ | জনাব মোছাঃ সিরাজুল ইসলাম মিশ্র, গ্রাম-বেলেপুকুর, পোঃ উপজেলা ও জেলা- চাঁপাইনবাবগঞ্জ। ফোন নং ০১৫৫৩৯৭৯২৭০১ |
| ২৮ | নাটোর | এডভোকেট মোঃ সিরাজুল ইসলাম, মহল্লা-কানাইখালী, থানা ও জেলা-নাটোর। ফোন নং ০১৭১৫৫৫১৭১১৭ |
| ২৯ | বগুড়া | আলহাজ্ব মমতাজ উদ্দিন, কাটনার পাড়া, বটতলিয়া লেন, বগুড়া সদর, বগুড়া। |
| ৩০ | জয়পুরহাট | জনাব দিলরুবা জাহান লিলি, কাউন্সিলর জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট। ফোন নং ০১৭১৩৭৬২৬৭৯ |
| ৩১ | পাবনা | জনাব আব্দুল মজিদ খান, শালগাড়িয়া গোপালপুর, ডাকঘর, উপজেলা ও জেলা-পাবনা। |
| ৩২ | সিরাজগঞ্জ | গাজী এ, কে, এম ফজলুল মজিদ মুক্তা, বিল্লাল কুঠি, মিরপুর, সিরাজগঞ্জ। |
| | | **রংপুর বিভাগ** |
| ৩৩ | রংপুর | জনাব রওশনারা চৌধুরী, রাবেয়া নীড়, শালবন, রংপুর। |
| ৩৪ | নীলফামারী | জনাব হাসিনা আহমেদ, বেগম রোকেয়া সড়ক, নীলফামারী সদর, নীলফামারী। ফোন নং ০১৭২৪৬৫৬৮৯৮ |
| ৩৫ | কুড়িগ্রাম | জনাব জৌহিরা ইসলাম বাপ্পু, গ্রাম-খলিলগঞ্জ বাজার আর কে রোড মিলন ট্রেডার্স, পোঃ খলিলগঞ্জ, উপজেলা-সদর, জেলা-কুড়িগ্রাম। |
| ৩৬ | গাইবান্ধা | অধ্যাপক মাহবুবুল মান্নান, বাড়ি-মুক্তিকা, পাড়া-সুখনগর, ডাকঘর ও উপজেলা- সদর, জেলা-গাইবান্ধা। |
| ৩৭ | লালমনিরহাট | এডভোকেট নজরুল ইসলাম বসুনিয়া রাজু, সাং-সাপটানা, আদর্শপাড়া, লালমনিরহাট। |
| ৩৮ | দিনাজপুর | জনাব মোঃ শফিকুল ইসলাম, উপশহর ব্লক নং-৫, বাড়ি নং টি-১০, পোঃ ও জেলা-দিনাজপুর, ফোন নং ০১৭২৭৩৭৪১৬১১ |
| ৩৯ | ঠাকুরগাঁও | জনাব মাহফুজুর রহমান বাবুল, সাং-আশ্রমপাড়া, ডাকঘর, উপজেলা ও জেলা-ঠাকুরগাঁও। |
| | | ফোন নং- ০১৭১৭৩৪৩৬৮৫ |
| ৪০ | পঞ্চগড় | জনাব মোঃ আবু জেহের, গ্রাম-জোতরোপাড়া, ডাকঘর, উপজেলা ও জেলা-পঞ্চগড়। |
| | | **খুলনা বিভাগ** |
| ৪১ | খুলনা | শেখ মোঃ দেলোয়ার হোসেন, ৫৪ গোয়ালখালী (পশ্চিমপাড়া) পোঃ জি. পি. ও-৯০০০, খালিশপুর, খুলনা। |
| ৪২ | সাতক্ষীরা | অধ্যাপক কাজী মুহম্মদ অলি উল্লাহ, সবজি বাগান, সুলতানপুর, সদর, সাতক্ষীরা। |
| ৪৩ | বাগেরহাট | অধ্যাপক মোজাফফর হোসেন, পুরাতন বাজার, মেইন রোড, বাগেরহাট। |
| ৪৪ | যশোর | আলহাজ্ব মোঃ মাহবুব হোসেন বিশ্বাস, ২২১৭, কাজল ভিলা, বাড়ি নং-২২১৭, শাহ আব্দুল করিম রোড, খড়কী, যশোর। |
| ৪৫ | ঝিনাইদহ | জনাব মোছাঃ কামরুন্নাহার ইসলামিন, বিজুলিয়া, শৈলকুপা, ঝিনাইদহ। |
| ৪৬ | মাগুরা | জনাব মোঃ রুস্তম আলী, উপজেলা চেয়ারম্যান, ৯৯ হাসবিবী রোড, মাগুরা। |
| ৪৭ | নড়াইল | গোলন্দাজ মোহাম্মদ মাহবুব হাসান, শহিদ মুজিব সড়ক, নড়াইল সদর, নড়াইল। |
| ৪৮ | কুষ্টিয়া | এডভোকেট বদরুদ্দোজা সাজল কামিল (মুক্তি), ১ নং কাজী নজরুল ইসলাম রোড, কোর্ট পাড়া, কুষ্টিয়া। |
| ৪৯ | চুয়াডাঙ্গা | মুন্সি আলমগীর হান্নান, গ্রাম-সিনেমা হল পাড়া, ডাকঘর, উপজেলা ও জেলা-চুয়াডাঙ্গা। |
| ৫০ | মেহেরপুর | জনাব মোছাঃ শামিম আরা হিরা, থোকপাড়া, ডাকঘর, উপজেলা ও জেলা-মেহেরপুর। |

| ক্র.নং | জেলার নাম | প্রস্তাবিত পুরুষ ও মহিলা সমাজকর্মীর নাম |
|---|---|---|
| | | বরিশাল বিভাগ |
| ৫১ | বরিশাল | বীর যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এ. এম. জি. কবীর (ভুলু), কালিবাড়ী রোড (শীতলা খোলা), ওয়ার্ড নং-১৯, সিটি কর্পোরেশন, বরিশাল। |
| ৫২ | ভোলা | জনাব ফজলুর কাদের মজনু, কালিনাথ রায়ের বাজার, ভোলা। |
| ৫৩ | ঝালকাঠি | আলহাজ্ব সরদার মোঃ শাহ আলম, আলম কুটির, ২৫ কাঠার পট্টি, সদর, উপজেলা ও জেলা-ঝালকাঠি। |
| ৫৪ | পিরোজপুর | মৃত্যুজনিত কারণে শূন্য আছে। |
| ৫৫ | পটুয়াখালী | কাজী আলমগীর, দক্ষিণ সবুজবাগ, পৌরসভা, উপজেলা ও জেলা-পটুয়াখালী। |
| ৫৬ | বরগুনা | আ. মজিদা, থানা পাড়া, ফকিরপট্টি, সদর, উপজেলা ও জেলা-বরগুনা। |
| | | সিলেট বিভাগ |
| ৫৭ | সিলেট | সৈয়দা জেবুন্নেছা হক, ২২. কাজীপাড়া, সদর-সিলেট-৩১০০, জেলা-সিলেট। |
| ৫৮ | হবিগঞ্জ | জনাব শাহীন উদ্দিন চৌধুরী, গ্রাম/মহল্লা-শায়েস্তানগর আ/এ, হবিগঞ্জ পৌরসভা, সদর, উপজেলা ও জেলা-হবিগঞ্জ। |
| ৫৯ | মৌলভীবাজার | সৈয়দ শমশের আলী খোকন, ৩৬ শ্রীমঙ্গল মৌলভীবাজার। ফোন নং ০১৭১২১১৭৫২৬ |
| ৬০ | সুনামগঞ্জ | জনাব মোঃ মুক্তার রব চৌধুরী, ২৬ উপশহর, হাছননগর, সুনামগঞ্জ। |
| | | ময়মনসিংহ বিভাগ |
| ৬১ | ময়মনসিংহ | ড. মোঃ সিরাজুল ইসলাম, নির্বাহী পরিচালক, গণকল্যাণ পরিষদ (জিকেপি), বাড়ি নং-৫২২, শম্ভুগঞ্জ বাজার, ময়মনসিংহ। |
| ৬২ | জামালপুর | জনাব অঞ্জু মনোয়ারা বেগম, সর্দারপাড়া (পাঁচ রাস্তার মোড়), জামালপুর পৌরসভা, জামালপুর। |
| ৬৩ | শেরপুর | জনাব শামছুন্নাহার কামাল, খড়মপুর, শেরপুর টাউন, শেরপুর-২১০০, শেরপুর। |
| ৬৪ | নেত্রকোণা | জনাব এস. এম. মজিবুর কাদের শাহজাহান, মসজিদ কোয়ার্টার, মোক্তারপাড়া, নেত্রকোণা। |

## (গ) সরকার কর্তৃক মনোনীত ৮ (আট) জন বিশিষ্ট সদস্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. শেখ কবির হোসেন, গ্রাম ও পোঃ টুঙ্গীপাড়া, থানা: টুঙ্গীপাড়া, জেলা: গোপালগঞ্জ।
২. অধ্যাপক ড. এস এম আতীকুর রহমান, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. এম ডি, এশিয়ান ফাউন্ডেশন মহাখালী, ঢাকা।
৪. সভাপতি, প্রবীণ হিতৈষী সংঘ ও জরা বিজ্ঞান প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
৫. জনাব আনওয়ারুল ইসলাম মামুন, ৭৯ এইচ পূর্ব রামপুরা, ঢাকা।
৬. জনাব কাজার মিয়া সিদ্দি, ৯, চকপট্টি, টালি অফিস রোড, রায়ের বাজার, ঢাকা-১২০৯।
৭. জনাব ফরিদা খানম, সাধারণ সম্পাদিকা, বাংলাদেশ মহিলা সমিতি, ৪ নাটক সরণী, নিউ বেইলী রোড, ঢাকা।
৮. জনাব মোহাম্মদ আরমান বাবু, প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, আন্তর্জাতিক জেনারেল হাসপাতাল, লোহাগাড়া, চট্টগ্রাম।

## ৪. নির্বাহী কমিটি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের সিদ্ধান্ত বাস্তবায়ন এবং পরিষদকে পরামর্শ ও সুপারিশ প্রদানের জন্য পরিষদ সদস্যদের মধ্য হতে ১৫ সদস্য নিয়ে একটি নির্বাহী কমিটি রয়েছে। নির্বাহী কমিটির গঠন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ১. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | চেয়ারম্যান |
| ২. | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা | সদস্য |
| ৩. | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা | সদস্য |
| ৪. | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা | সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৬. | নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট, ঢাকা | সদস্য |
| ৭. | ব্যবস্থাপনা পরিচালক, এনজিও ফাউন্ডেশন, মহাখালী, ঢাকা | সদস্য |
| ৮. | শেখ কবির হোসেন, গ্রাম ও পো: টুঙ্গীপাড়া, থানা: টুঙ্গীপাড়া, জেলা: গোপালগঞ্জ | সদস্য |
| ৯. | অধ্যাপক ড. এ এস এম আতীকুর রহমান, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ১০. | জনাব ফরিদা বানু, সাধারণ সম্পাদিকা, বাংলাদেশ মহিলা সমিতি, ৪, নাটক সরণী, নিউ বেইলী রোড, ঢাকা | সদস্য |
| ১১. | জনাব আওরঙ্গজেব ইসলাম মাহবুব, ৭৯ এবিচ পূর্ব রামপুরা, ঢাকা | সদস্য |
| ১২. | জনাব কামরুন নিসা মিতি, ৯, চারুলতা, টিটি অফিস রোড, রায়ের বাজার, ঢাকা-১২০৯ | সদস্য |
| ১৩. | সৈয়দা জেবুন্নেছা হক, ২২, ফাঁকাপাড়া, কামরূপ-সিলেট-৩১০০, জেলা-সিলেট | সদস্য |
| ১৪. | সভাপতি, প্রবীণ হিতৈষী সংঘ ও জরা বিজ্ঞান প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা | সদস্য |
| ১৫. | নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা | সদস্য সচিব |

## ৫. নির্বাহী কমিটির দায়িত্ব ও কার্যাবলি

(১) নির্বাহী কমিটির দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ, যথা:

(ক) পরিচালনা বোর্ড কর্তৃক এবং আইনের অধীন গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করা;

(খ) পরিচালনা বোর্ডকে উহার কার্যাবলি সুষ্ঠুরূপে সম্পাদনে সহায়তা প্রদান করা;

(গ) পরিচালনা বোর্ড কর্তৃক অর্পিত সকল কার্যাবলি সম্পাদন, ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করা;

(২) আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার বা প্রযোজ্য ক্ষেত্রে পরিচালনা বোর্ড কর্তৃক সময় সময় প্রদত্ত সকল দায়িত্ব পালন করবে।

(৩) নির্বাহী কমিটি পরিষদের প্রশাসনিক কার্যাবলি সম্পর্কে সময় সময় নির্বাহী সচিবকে প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদান করতে পারবে।

(৪) নির্বাহী কমিটি উহার ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলি সম্পাদনের ক্ষেত্রে পরিচালনা বোর্ডের নিকট দায়ী থাকবে এবং পরিচালনা বোর্ড কর্তৃক সময় সময় নির্দেশনা অনুসরণ করবে।

# জেলা সমাজকল্যাণ কমিটি

## ১. জেলা সমাজকল্যাণ কমিটির গঠন

দেশব্যাপী সমাজকল্যাণমূলক কার্যক্রমের পরিধি বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ প্রত্যেক জেলায় একটি করে জেলা সমাজকল্যাণ কমিটি গঠনের সরকারি সিদ্ধান্ত রয়েছে। জেলা সমাজকল্যাণ কমিটি গঠনের উদ্দেশ্য হলো বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯ এর উদ্দেশ্য পূরণে স্থানীয়ভাবে কাজ করা। এ কমিটি প্রত্যেক জেলার সরকারি ও বেসরকারি সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহকে সমাজকল্যাণমূলক পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নের পরামর্শ ও প্রয়োজনীয় সাহায্য দিয়ে থাকে। সমাজকল্যাণমূলক বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় সাধন এবং তাদের উদ্বুদ্ধকরণে বিভিন্ন সরকারি, আধা-সরকারি, বেসরকারি সহযোগিতা নিশ্চিত করা, জেলার চাহিদা অনুসারে সরকারি অথবা বেসরকারি পর্যায়ে নতু

সমাজকল্যাণমূলক কার্যক্রম গ্রহণ করার জন্য জাতীয় সমাজকল্যাণ পরিষদকে সুপারিশ করার মাধ্যমে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কার্যক্রমকে গতিশীল করে জেলা সমাজকল্যাণ কমিটি। বর্তমানে দেশের ৬৪ জেলায় জেলা সমাজকল্যাণ কমিটি রয়েছে। ৬১টি জেলায় জেলা প্রশাসক এবং ৩টি পার্বত্য জেলায় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, জেলা সমাজকল্যাণ কমিটির সভাপতি এবং সংশ্লিষ্ট জেলার সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক সদস্য সচিব। পরিষদের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য বর্তমানে মাঠ পর্যায়ে দেশের ৬১টি জেলায় ও অবশিষ্ট ৩টি পার্বত্য জেলায় নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জেলা সমাজকল্যাণ কমিটি রয়েছে। জেলা সমাজকল্যাণ কমিটি প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হয়ে থাকেন। জেলা সমাজকল্যাণ কমিটির বেসরকারি সদস্যদের মেয়াদকাল মনোনয়নের তারিখ হতে ৩ (তিন) বছর।

চলমান জেলা সমাজকল্যাণ কমিটির রূপরেখা নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট জেলার জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচালনা বোর্ডের সদস্য | সহসভাপতি |
| ৩. | সিভিল সার্জন | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ৫. | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | সদস্য |
| ৭. | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৮. | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৯. | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১০. | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১১. | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কার্যালয় | সদস্য |
| ১২. | সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১৩. | সিটি কর্পোরেশনের একজন প্রতিনিধি (সংশ্লিষ্ট ক্ষেত্রে) | সদস্য |
| ১৪. | মেয়র, পৌরসভা (সংশ্লিষ্ট ক্ষেত্রে) | সদস্য |
| ১৫. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ৩ (তিন) জন বিশিষ্ট পুরুষ সমাজকর্মী | সদস্য |
| ১৬. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ২ (দুই) জন বিশিষ্ট মহিলা সমাজকর্মী | সদস্য |
| ১৭. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | সদস্য সচিব |

### ৩টি পার্বত্য জেলায় জেলা সমাজকল্যাণ কমিটির গঠন নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, সংশ্লিষ্ট পার্বত্য জেলা | সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট জেলার জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচালনা বোর্ড সদস্য | সহসভাপতি |
| ৩. | সিভিল সার্জন | সদস্য |
| ৪. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ৬. | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | সদস্য |
| ৮. | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৯. | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ১০. | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১১. | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১২. | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কার্যালয় | সদস্য |
| ১৩. | সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১৪. | মেয়র, পৌরসভা (সংশ্লিষ্ট ক্ষেত্রে) | সদস্য |
| ১৫. | চেয়ারম্যান, স্থানীয় সরকার পরিষদ, সংশ্লিষ্ট পার্বত্য জেলা কর্তৃক মনোনীত ২ (দুই) জন বিশিষ্ট পুরুষ সমাজকর্মী ও ১ (এক) জন বিশিষ্ট মহিলা সমাজকর্মী, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ১ (এক) জন বিশিষ্ট পুরুষ সমাজকর্মী ও ১ (এক) জন বিশিষ্ট মহিলা সমাজকর্মী | সদস্য |
| ১৬. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ১ (এক) জন বিশিষ্ট মহিলা সমাজকর্মী ও ১ (এক) জন বিশিষ্ট মহিলা সমাজকর্মী | |
| ১৭. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | সদস্য সচিব |

### ২. জেলা সমাজকল্যাণ কমিটির কার্যাবলি

(ক) জেলায় স্বেচ্ছাসেবী যে সকল সংগঠন ও ব্যক্তি সমাজের কল্যাণে কাজ করছেন তাদেরকে সর্বপ্রকার সাহায্য, সহযোগিতা ও উৎসাহ প্রদান;

(খ) সংশ্লিষ্ট জেলার গ্রামীণ সমাজ এবং শহর অঞ্চলের বিভিন্ন সামাজিক সমস্যাদি চিহ্নিতকরণ এবং ঐ সকল সমস্যা সমাধানের সুপারিশ প্রণয়ন;

(গ) সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী সংস্থা/সমিতির কার্যক্রম পর্যবেক্ষণ, পর্যালোচনা, তাদের কর্মকাণ্ডে উৎসাহ প্রদান এবং সেগুলোকে শক্তিশালী করার পদক্ষেপ গ্রহণ;

(ঘ) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক বিভিন্ন সংস্থা/সমিতিকে প্রদত্ত অনুদান যথাযথভাবে ব্যবহৃত হওয়ার বিষয়ে পর্যালোচনা;

(ঙ) উপজেলা সমাজকল্যাণ কমিটি কার্যক্রমের ত্রৈমাসিক প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা করা এবং সেগুলোর কার্যক্রম জোরদার করার ব্যাপারে সকল প্রকার সহায়তা প্রদান;

(চ) দেশের সমাজকল্যাণ কার্যক্রম অধিকতর জোরদার ও ফলপ্রসূ করার স্বার্থে সরকার/বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদকে ত্রৈমাসিকভিত্তিতে সুনির্দিষ্ট পরামর্শ প্রদান;

(ছ) আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে স্ব-উদ্যোগে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;

(জ) উপযুক্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে সরকারি অনুদান প্রদানের জন্য বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নিকট সুপারিশ পেশ;

(ঝ) সরকারি এবং বেসরকারি পর্যায়ে জেলার সমাজকল্যাণমূলক কার্যক্রমের উপর ষাণ্মাসিকভিত্তিতে প্রতিবেদন প্রণয়ন এবং প্রতি বছরের ৩১ জুলাই ও ৩১ জানুয়ারির মধ্যে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদে প্রেরণ;

(ঞ) সমাজকল্যাণ কার্যক্রমে উৎসাহী ও স্বেচ্ছায় দানশীল ব্যক্তিবর্গের নিকট হতে উপযুক্ত রশিদ প্রদান ও যথাযথ হিসাবরক্ষণ সাপেক্ষে অনুদান গ্রহণ;

(ট) জেলা সমাজকল্যাণ কমিটির বাজেট প্রণয়ন ও অনুমোদন এবং

(ঠ) সরকার ও বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### ৩. জেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে প্রদত্ত অনুদান কি কি কাজে ব্যয় করা যায়

১। আকস্মিক দৈব দুর্বিপাক/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত অসহায় দরিদ্র ব্যক্তি/পরিবারকে তাদের আবেদনের প্রেক্ষিতে আর্থিক সহায়তা (ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, ভূমিকম্প, পাহাড়ধস জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্ত ইত্যাদি) প্রদান।

২। সড়ক/নৌ/রেল/বিমান দুর্ঘটনায় মারাত্মক ক্ষতিগ্রস্ত দরিদ্র ব্যক্তি/পরিবারকে আর্থিক সহায়তা প্রদান।

৩। অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান।

৪। অগ্নিদগ্ধ/এসিড দগ্ধ দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান।

৫। দুরারোগ্য ও জটিল রোগে আক্রান্ত দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান।

৬। অতিদরিদ্র পরিবারের মেধাবী ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার জন্য সহায়তা প্রদান।

৭। জেলা সমাজকল্যাণ কমিটি পরিস্থিতির যথার্থতা বিবেচনায় তাৎক্ষণিকভাবে ক্ষতিগ্রস্তদের মাঝে অনুদান সহায়তা প্রদান করবে।

## উপজেলা সমাজকল্যাণ কমিটি

### ১. উপজেলা সমাজকল্যাণ কমিটির গঠন

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ সারা দেশে প্রান্তিক পর্যায়ে সমাজকল্যাণমূলক কার্যক্রম বিস্তৃত এবং সঠিকভাবে পরিচালনার জন্য দেশের প্রতিটি উপজেলায় 'উপজেলা সমাজকল্যাণ কমিটি' গঠন করেছে। উপজেলা সমাজকল্যাণ কমিটি প্রতি মাসে একবার সভায় মিলিত হবে। উপজেলা সমাজকল্যাণ কমিটির বেসরকারি সদস্যদের মেয়াদকাল মনোনয়নের তারিখ হতে ৩ (তিন) বছর। উপজেলা নির্বাহী অফিসার এ কমিটির সভাপতি এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা সদস্য সচিব।

উপজেলা সমাজকল্যাণ কমিটির রূপরেখা নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা | সহ-সভাপতি |
| ৩. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | সদস্য |
| ৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১০. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) | সদস্য |
| ১১. | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ২ (দুই) জন প্রখ্যাত পুরুষ সমাজকর্মী | সদস্য |
| ১২. | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ১ (এক) জন বিশিষ্ট মহিলা সমাজকর্মী | সদস্য |
| ১৩. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য সচিব |

## ২. উপজেলা সমাজকল্যাণ কমিটির কার্যাবলি

(ক) সংশ্লিষ্ট উপজেলার বিভিন্ন সামাজিক সমস্যা চিহ্নিতকরণ এবং সমাধানের সুপারিশ প্রণয়ন;

(খ) সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধনকৃত সকল সমিতি/সংস্থার কার্যক্রম পর্যবেক্ষণ, পর্যালোচনা, তাদের কর্মকাণ্ডে উৎসাহ প্রদান এবং সেগুলোকে শক্তিশালী করার পদক্ষেপ গ্রহণ;

(গ) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক বিভিন্ন সংস্থা/সমিতিকে প্রদত্ত অনুদান যথাযথভাবে ব্যবহৃত হওয়ার বিষয় পর্যালোচনা;

(ঘ) উপজেলা সমাজকল্যাণ কমিটির কার্যক্রম জোরদার করার বাস্তব পদক্ষেপ গ্রহণ করা এবং কার্যক্রম সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন জেলা সমাজকল্যাণ কমিটিতে প্রেরণ;

(ঙ) আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে স্ব-উদ্যোগে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;

(চ) উপযুক্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে সরকারি অনুদান প্রদানের জন্য জেলা সমাজকল্যাণ কমিটির নিকট সুপারিশ পেশ;

(ছ) সরকারি এবং বেসরকারি পর্যায়ে উপজেলার সমাজকল্যাণমূলক কার্যক্রমের উপর বাৎসরিকভিত্তিতে প্রতিবেদন প্রণয়ন এবং প্রতি বছরের ১৫ জুলাই ও ১৫ জানুয়ারির মধ্যে জেলা সমাজকল্যাণ কমিটিতে প্রেরণ;

(জ) সমাজকল্যাণ কার্যক্রমে উৎসাহী ও স্বেচ্ছায় দানশীল ব্যক্তিবর্গের নিকট হতে উপযুক্ত রসিদ প্রদান ও যথাযথ হিসাবরক্ষণ সাপেক্ষে অনুদান গ্রহণ;

(ঝ) উপজেলা সমাজকল্যাণ কমিটির বাজেট প্রণয়ন ও অনুমোদন এবং সরকার ও বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

## ৩. উপজেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে প্রদত্ত অনুদান কি কি কাজে ব্যয় করা হয়

১। আকস্মিক দৈব দুর্বিপাক/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত অসহায় দরিদ্র ব্যক্তি/পরিবারকে তাদের আবেদনের প্রেক্ষিতে আর্থিক সহায়তা (ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, ভূমিকম্প, পাহাড়ধস, জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্ত ইত্যাদি) প্রদান;

২। সড়ক/নৌ/রেল/বিমান দুর্ঘটনায় মারাত্মক ক্ষতিগ্রস্ত দরিদ্র ব্যক্তি/পরিবারকে আর্থিক সহায়তা প্রদান;

৩। অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান;

৪। অগ্নিদগ্ধ/এসিড দগ্ধ দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান;

৫। দুরারোগ্য ও জটিল রোগে আক্রান্ত দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান;

৬। অতিদরিদ্র পরিবারের মেধাবী ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার জন্য সহায়তা প্রদান;

৭। উপজেলা সমাজকল্যাণ কমিটি পরিস্থিতির যথার্থতা বিবেচনায় তাৎক্ষণিকভাবে ক্ষতিগ্রস্তদের মাঝে অনুদান সহায়তা প্রদান করবে।

# সমাজকল্যাণ ভবন নির্মাণ

১. মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে ১৩২ নিউ ইস্কাটনস্থ বিকল ভবন বিশিষ্ট ১১.৯৪ কাঠা জমি বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অনুকূলে বরাদ্দ দেয়া হয়। পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জমিতে বহুতল বিশিষ্ট 'সমাজকল্যাণ ভবন' (১৫ তলা) নির্মাণের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রণীত ডিপিপি ২২ জুন, ২০২০ খ্রি. একনেক সভায় চূড়ান্ত অনুমোদিত হয়েছে। নিজস্ব জমিতে 'সমাজকল্যাণ ভবন' নির্মাণের কাজ চলমান রয়েছে। বর্তমানে ভবনের তিনটি বেজমেন্টসহ ৬ষ্ঠ তলার ছাদ ঢালাইয়ের কাজ কাজ শেষ পর্যায়ে। নিচে চলমান ভৌত কাজের দুটি অগ্রগতির চিত্র সন্নিবেশ করা হলোঃ



চিত্র: সমাজকল্যাণ ভবন নির্মাণ কাজ চলমান।



চিত্র: সমাজকল্যাণ ভবন নির্মাণ কাজ চলমান।

২. **'সমাজকল্যাণ ভবন' নির্মাণ কাজের আর্থিক অগ্রগতি :** বহুতল বিশিষ্ট সমাজকল্যাণ ভবনের ভৌত ও আর্থিক অগ্রগতি প্রায় ২৫%। ভবন প্রকল্পের মেয়াদ জুন/২০২১ এ উত্তীর্ণ হয়ে যাওয়ায় কিছু শর্ত সাপেক্ষে এ প্রকল্পের মেয়াদ ২ বছর অর্থাৎ ৩০ জুন/২০২৩ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

২০২১-২০২২ অর্থবছরের উদ্বৃত্ত অর্থ সমর্পণ বিবরণী

১২৯-সমাজকল্যাণ মন্ত্রণালয়

কার্যক্রম/প্রকল্পের নাম : ২২৪৩০৭৯০০-সমাজকল্যাণ ভবন নির্মাণ

প্রাতিষ্ঠানিক কোড : ১৩১০০৭৬০০-বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

(অংকসমূহ হাজার টাকায়)

| খাত ও অর্থনৈতিক কোড | বিবরণ | মূল বাজেট | পুনঃউপযোজনসহ সংশোধিত বাজেট | প্রকৃত ব্যয় | উদ্বৃত্ত(+)/ঘাটতি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৩৮২৩১০১ | প্রকল্প আবর্তক ব্যয় | ২০০০.০০ | ২০০০.০০ | ২০০০.০০০ | ০.০০০ |
| ৪১১১১০১ | প্রকল্প মূলধন ব্যয় | ১৯৮০০০.০০ | ৯৮০০০.০০ | ৯৮০০০.০০০ | ০.০০০ |
| সর্বমোট - সমাজকল্যাণ ভবন নির্মাণ | | ২০০০০০.০০ | ১০০০০০.০০ | ১০০০০০.০০ | ০.০০ |

# বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ২০২০-২০২১ অর্থবছরের আর্থিক বিবরণী (Financial Statement)

সরকার কর্তৃক প্রণীত বাৎসরিক বাজেটে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অনুকূলে প্রতিবছর একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করে থাকে। তারই ধারাবাহিকতায় ২০২১-২০২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ৩৬৩১-আবর্তক অনুদান খাতে ৭৭.১৪ কোটি এবং ৩৬৩২-মূলধন অনুদান খাতে ৪১.০০ কোটি টাকাসহ মোট ৭৭.৫৫ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত অর্থের নিয়মানুসারে অর্থাৎ বিভিন্ন শ্রেণির স্বেচ্ছাসেবী সংগঠন, ৫২৫টি রোগীকল্যাণ সমিতি, জেলখানার কয়েদিদের পুনর্বাসন, শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদ (UCD), জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান, জেলা ও উপজেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে অনুদান হিসেবে প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের অধিকাংশ অনুদান EFT পদ্ধতির আওতায় ব্যাংক হিসাবের মাধ্যমে সরাসরি প্রদান করা হয়েছে। এছাড়া সমাজের দরিদ্র, অসহায়, প্রতিবন্ধী, মেধাবী ছাত্র/ছাত্রীদের অনুকূলেও অনুদান বিতরণ করা হয়েছে। ব্যক্তি পর্যায়ের অধিকাংশ অনুদান G2P পদ্ধতির আওতায় বিকাশ লি.-এর মাধ্যমে সরাসরি উপকারভোগীর যাচাইকৃত (Verified) মোবাইল নম্বরে প্রেরণ করা হয়েছে।

পরিচালন ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থ হতে সম্মানী, সেবা/সরবরাহ, মেরামত/সংরক্ষণ, বিভিন্ন ক্রয়, বিভিন্ন দিবস উদযাপন, সভা-সেমিনার-কর্মশালা আয়োজনসহ সাধারণ ব্যয় নির্বাহ করা হয়ে থাকে। এছাড়া, "৩৬৩১১০৮-গবেষণা অনুদান" খাতভুক্ত অর্থ হতে প্রায় ৩০.০০ লক্ষ টাকা ব্যয়ে বিভিন্ন বিষয়ভিত্তিক সাতটি গবেষণা কার্যক্রম পরিচালিত হয়। "৩২৩১৩০১-প্রশিক্ষণ" উপখাতে বিভাজিত অর্থ হতে অভ্যন্তরীণ স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিদের 'সমাজকল্যাণমূলক সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। নদীভাঙনে ভিটেমাটিহীন/ক্ষতিগ্রস্ত ও বস্তিবাসীদের পুনর্বাসনে আবাসন নির্মাণ এবং চা-বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়ন ও টেকসই আবাসন নির্মাণ বাবদ মোট ১১.০০ কোটি টাকা ব্যয় করা হয়। ২০২১-২০২২ অর্থবছরের বাজেট বরাদ্দ, প্রকৃত ব্যয় বিবরণী নিম্নরূপঃ

### ১২৯-সমাজকল্যাণ মন্ত্রণালয়
### ১৩১০০৭৬০০-বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
### ২০২১-২০২২ অর্থবছরের খাতভিত্তিক বাজেট বরাদ্দ, প্রকৃত ব্যয় ও অব্যয়িত অর্থের বিবরণী

(হাজার টাকায়)

| ক্র. নং | অর্থনৈতিক কোড (বিবরণ) | | বাজেট | সংশোধিত বাজেট | প্রকৃত ব্যয় | উদ্বৃত্ত(+)/ ঘাটতি(-) | মন্তব্য (উদ্বৃত্ত/ঘাটতির কারণ) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২১-২২ |
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ | ৬ (৪-৫) | ৭ |
| | ৩৬ | অনুদান | | | | | |
| | ৩৬৩১ | আবর্তক অনুদান (ক) | | | | | |
| ১ | ৩৬৩১১০১ | রোগী কল্যাণ সহায়তা | ১২৭০০.০০ | ১২৭০০.০০ | ৮৬৫০.০৪ | ৪০৪৯.৯৬ | নিবন্ধন জটিলতা কাটিয়ে ১৫(পনের)টি হাসপাতাল দুস্থ রোগীর সেবা খাতে উদ্বৃত্ত অর্থ সমর্পিত হয়েছে। |
| ২ | ৩৬৩১১০২ | আর্থিক কল্যাণ সহায়তা | ১২১০০.০০ | ১৩৫২৫.০০ | ৭৭৪৪.৫৯ | ৫৭৮০.৪১ | "ঐ" |
